



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
মন্ত্রীর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

শোকবার্তা

আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য, মাননীয় প্রধানমন্ত্রীর সাবেক রাজনৈতিক উপদেষ্টা, বঙ্গবন্ধু পরিষদের সভাপতি, বীর মুক্তিযোদ্ধা ও কলামিস্ট ডা. এস এ মালেক
এর মৃত্যুতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রীর শোক

ঢাকা ০৭ ডিসেম্বর ২০২২;

আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য, মাননীয় প্রধানমন্ত্রীর সাবেক রাজনৈতিক উপদেষ্টা, বঙ্গবন্ধু পরিষদের সভাপতি, বীর মুক্তিযোদ্ধা ও কলামিস্ট ডা. এস এ মালেক আর নেই (ইন্না লিল্লাহি
ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মঙ্গলবার (৬ ডিসেম্বর) রাত ১১টা ১০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিব
মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন।

তাঁর মৃত্যুতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

শোকবার্তায় মন্ত্রী বলেন, ডা. এস এ মালেক ৬ দফা আন্দোলন, ভাষা আন্দোলন ও বাংলাদেশের
স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণসহ রাজনৈতিকের বিভিন্ন ক্ষেত্রে সক্রিয় ভূমিকা রাখেন। জাতির পিতার
আদর্শ চর্চা, জাতির পিতাকে অন্তরে ধারণ, জাতির পিতা সম্পর্কে লেখালেখি এবং সৃতিচারনকারীদের
মধ্যে অন্যতম ছিলেন ডা. এস এ মালেক। মহান মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ও গণতন্ত্রের স্বপক্ষে তাঁর সাহসী ও
ক্ষুরধার লেখনী আগামী প্রজন্মকে অনুপ্রাণিত করবে। তাঁর মৃত্যুতে দেশের অপূরণীয় ক্ষতি হলো।

উল্লেখ্য, ডা. এস এ মালেক ১৯৭৩ সালে বাংলাদেশ আওয়ামী লীগের প্রার্থী হিসেবে ফরিদপুর-১
থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। ১৯৯৬ থেকে ২০০১ সাল পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার
রাজনৈতিক উপদেষ্টার দায়িত্ব পালন করেছিলেন।

মন্ত্রী প্রয়াত ডা. এস এ মালেকের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত
পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

১২.১২.২২

(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ফোন নং ৯৫৪ ০৩৮৭ (অঃ)

ফোন নং ০১৭১১-৮১৫৮৮১